# নীলফামারী পৌরসভা কার্যালয়,
# নীলফামারী ।

## নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)

তারিখঃ-১৭/১২/২০২৩ইং

প্রাপক ঃ জনাব/জনাবা --------------------------------------- সদস্য,

"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি, নীলফামারী পৌরসভা।

বিষয় ঃ "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি " এর সভায় অংশ গ্রহণ প্রসংঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ২১ ডিসেম্বর/২০২৩ইং তারিখ, বেলা ১১.০০ ঘটিকার সময় নীলফামারী পৌরসভায় মেয়র মহোদয়ের কক্ষে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি " এর সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সুচী ঃ

১। বিগত সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন সংক্রান্তঃ
২। ২০২৩ - ২৪ইং অর্থ বছরে PRAP খাতে বরাদ্দকৃত বাজেট বাস্তবায়নে কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম প্রসংঙ্গে ঃ
৩। বর্জ্য নির্দিষ্ট স্থানে ফেলা প্রসংঙ্গে আলোচনাঃ
৪। বিবিধঃ

(মিসেস আফরোজা সুলতানা)
কাউন্সিলর
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি "
সভাপতি
নীলফামারী পৌরসভা।

তারিখঃ-১৭/১২/২০২৩ইং ।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে।

১। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, (IUGIP) এলজিইডি, ঢাকা।
২। মেয়র,নীলফামারী পৌরসভা।
৩। পৌর নির্বাহী কর্মকর্তা, নীলফামারী পৌরসভা।
৪। অফিস নথি।

(মিসেস আফরোজা সুলতানা)
কাউন্সিলর
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি "
সভাপতি
নীলফামারী পৌরসভা।

# নীলফামারী পৌরসভা কার্যালয়
# নীলফামারী ।

## “দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির” সভার কার্য বিবরণী ঃ

সভাপতি ঃ মিসেস আফরোজা সুলতানা
স্থান ঃ মেয়র মহোদয়ের কক্ষে।
সভার তারিখ ঃ ২১/১২/২০২৩ইং।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকায়

অদ্য ২১/১২/২০২৩ইং তারিখ, বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার মেয়র মহোদয়ের কক্ষে “দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির” মাসিক সভা জনাবা মিসেস আফরোজা সুলতানা, কাউন্সিলর, নীলফামারী পৌরসভা এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ হলো।

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নকারী/ দায়িত্বপালনকারী |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী অনুমোদনঃ | বিগত সভার কার্য বিবরনী উপস্থিত সকলের অবগতির জন্য পাঠ করে শুনানো হয়। | বিগত সভার কার্যবিবরণী পাঠ করার পর কোন প্রকার সংযোজন বিয়োজন ব্যাতিরেকে সর্বসম্মতিক্রমে অনুমোদন দেওয়া হয়। | - |
| ০২ | ২০২৩- ২৪ইং অর্থ বছরে PRAP খাতে বরাদ্দকৃত বাজেট বাস্তবায়নে কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম প্রসংঙ্গে ঃ | আলোচ্য সূচীর-২ এর প্রেক্ষিতে সম্মানীত সদস্য শ্রী মতি রত্না রানী সংরক্ষিত মহিলা কাউন্সিলর, ০১,০২,০৩ নং ওয়ার্ড, নীলফামারী পৌরসভা বলেন, বর্তমানে সমস্ত জিনিসপত্র দ্রব্যমূল্য বৃদ্ধি পাওয়ায় এ অবস্থায় অনেক পুরুষ কর্মহীন হয়ে পড়েছে। সভায় সম্মানিত সভাপতি মিসেস আফরোজা সুলতানা সভায় জানান, ২০২৩-২০২৪ইং অর্থ বছরের PRAP খাতে বাজেট বরাদ্দ বাবদ =৩৯,৩৭,৫০০/- টাকা। PRAP বাস্তবায়নে বরাদ্দকৃত টাকা হতে অক্টোবর-ডিসেম্বর/২৩ইং কোয়ার্টারে বরাদ্দ বাবদ =১৬,০২,৫০০/- টাকা। PRAP বাস্তবায়নে বরাদ্দকৃত টাকা হতে হত দরিদ্র পুরুষ ব্যক্তিদের মাঝে চিকিৎসা বাবদ= ২১,০০০/-টাকা, হত দরিদ্র পুরুষ ব্যক্তিদের মাঝে আর্থিক সাহায্য বাবদ=১৯,০০০/- টাকা, গরীব অসহায় দরিদ্র পুরুষ মেধাবী ছাত্রদের বই ক্রয়/ ফরম পুরন বাবদ অনুদান = ১২,০০০/-টাকা, এবং অসহায় দরিদ্র পুরুষ ব্যক্তিদের মাঝে শীত বস্ত্র ক্রয় পুর্বক বিতরন বাবদ=৪,০৫,৩৮৫/-টাকা ব্যয় করা হয় । | সভায় বিস্তারিত আলোচনা ও সমালোচনান্তে TLCC মিটিং এ ও মাসিক সভায় সিদ্ধান্ত নেওয়া হবে। | পৌর পরিষদ ও সংশ্লিষ্ট সকল কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২০২৩-২০২৪ইং অর্থ বছরের PRAP খাতে জুলাই/২৩ইং- ডিসেম্বর/২৩ইং পর্যন্ত সর্বমোট = ৪,৮৭,৩৮৫/-টাকা ব্যয় করা হয়। সম্মানিত সভাপতি মিসেস আফরোজা সুলতানার প্রস্তাবে উপস্থিত সকল সদস্য একমত পোষন করেন। | | |
| ০৩ | বর্জ্য নির্দিষ্ট স্থানে ফেলা প্রসংঙ্গে আলোচনাঃ | অত্র কমিটির সম্মানীত সদস্য, জনাব মোঃ আমির আলী কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, নীলফামারী পৌরসভা বলেন, পৌর এলাকার রাস্তা, বাজার, বিভিন্ন মহল্লার ময়লা আবর্জনা যত্রতত্র ছড়িয়ে ছিটিয়ে আছে কিন্তু ময়লা আবর্জনা ফেলার জন্য পর্যাপ্ত ডাস্টবিন থাকা সত্ত্বেও প্রতিদিনের পারিবারিক ময়লা-আবর্জনা ড্রেনে, রা স্তায় এবং বাড়ীর আশে পাশে ফেলে। ফলে ময়লা আবর্জনা পচে দূর্গন্ধ ছড়ায় এবং বিভিন্ন রোগজীবানুর সৃষ্টি হয়। তাই বিভিন্ন বৈঠক ও WC মিটিং এর মাধ্যমে জনগনকে সচেতন করতে হবে যাতে<br>পৌর এলাকার রাস্তা, বাজার, বিভিন্ন মহল্লার ময়লা আবর্জনা যত্রতত্র ছড়িয়ে ছিটিয়ে না রেখে যথা স্থানে যথা ডাষ্টবিনে ফেলে। | সভায় বিস্তারিত আলোচনা ও সমালোচনান্তে TLCC মিটিং এ ও মাসিক সভায় সিদ্ধান্ত নেওয়া হবে। | পৌর পরিষদ |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং “দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির” সভায় উপস্থিত হওয়ার জন্য আহবান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মিসেস আফরোজা সুলতানা)
কাউন্সিলর
“দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি ”
সভাপতি
নীলফামারী পৌরসভা।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে।

১। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, (IUGIP) এলজিইডি, ঢাকা।
২। মেয়র,নীলফামারী পৌরসভা।
৩। পৌর নির্বাহী কর্মকর্তা, নীলফামারী পৌরসভা।
৪। অফিস নথি।

(মিসেস আফরোজা সুলতানা)
কাউন্সিলর
“দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি ”
সভাপতি
নীলফামারী পৌরসভা।

# নীলফামারী পৌরসভা কার্যালয়,
# নীলফামারী ।

"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি "এর সভায় উপস্থিত সদস্যগনের স্বাক্ষর

**স্থান ঃ মেয়র মহোদয়ের কক্ষ, নীলফামারী পৌরসভা।** **তারিখ ঃ ২১/১২/২০২৩ ইং**

| ক্রঃনং | নাম | পরিচিতি | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | মিসেস আফরোজা সুলতানা | মহিলা কাউন্সিলর, ওয়ার্ড নং-৭, ৮, ও ৯ নীলফামারী পৌরসভা। | সভাপতি | |
| ২। | জনাব দেওয়ান কামাল আহমেদ | মেয়র, নীলফামারী পৌরসভা। | সদস্য | |
| ৩। | জনাব মোঃ আমির আলী | কাউন্সিলর, ওয়ার্ড নং-২, নীলফামারী পৌরসভা | সদস্য | |
| ৪। | শ্রী মতি রত্না রানী | মহিলা কাউন্সিলর, ০১,০২,০৩ নং ওয়ার্ড নীলফামারী পৌরসভা। | সদস্য | |
| ৫। | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড নীলফামারী পৌরসভা। | সদস্য | |
| ৬। | জনাবা ফেন্সী বেগম | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি। | এ্যাসোসিয়েট সদস্য | |
| ৭। | জনাব মোঃ আব্দুল রশিদ | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি। | এ্যাসোসিয়েট সদস্য | |
| ৮। | জনাব মোঃ জুয়েল রানা | উপ-সহকারী প্রকৌশলী, ( সিভিল) নীলফামারী | এ্যাসোসিয়েট সদস্য | |
| ৯। | জনাব মোঃ হামিদুর রহমান, সহকারী প্রকৌশলী, (সিভিল) নীলফামারী পৌরসভা | সহকারী প্রকৌশলী, (সিভিল) নীলফামারী পৌরসভা । | সদস্য- সচিব | |